# জগদীশ গুপ্ত : জীবনপঞ্জি ও গ্রন্থপঞ্জি

প্রদীপ রায়

## জীবনপঞ্জি

| | |
|---|---|
| ১৮৮৬ : | জন্ম (আষাঢ়, ১২৯৩ বঙ্গাব্দ) জুলাই মাসে নদিয়া জেলার কুষ্টিয়ার আমলা পাড়ায়। সম্পূর্ণ নাম: জগদীশচন্দ্র সেনগুপ্ত। ডাক নাম নারায়ণ। ছদ্মনাম: জুনিয়ার জলধর। আদি নিবাস ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার অধীন বালিয়াকান্দি থানার অন্তর্গত মেঘচুম্বী গ্রামে। এখানকার সম্ভ্রান্ত সেনগুপ্ত পরিবারের সন্তান। বাবা কৈলাসচন্দ্র গুপ্ত ছিলেন আইন ব্যবসায়ী। মা শ্রীমতি সৌদামিনী দেবী। পিতামহ আনন্দমোহন গুপ্ত ছিলেন মেঘচুম্বী গ্রামের সুপ্রসিদ্ধ আইন-ব্যবসায়ী। পিতামহের নাম অনুসারে পৈত্রিক বাসভবনের নাম হয় 'আনন্দ ভবন'। কুষ্টিয়ার রামলাল সাহার পাঠশালায় জগদীশ গুপ্তের শিক্ষাজীবন শুরু হয়। এরপর কলকাতার সিটি কলেজিয়েট স্কুলে পড়াশোনা করেন। |
| ১৯০১ : | গড়াই নদীতে ডুবে যাওয়ার উপক্রম হয়েছিল। ফুটবল খেলতে গিয়ে পা ভেঙেছিলেন। |
| ১৯০১-০৩ : | ভাওয়ালের কবি গোবিন্দদাসের অনুসরণে নারীতৃষ্ণার কবিতা লেখেন। |
| ১৯০৫ : | কলকাতার সিটি কলেজিয়েট স্কুল থেকে ম্যাট্রিকুলেশন পাশ করেন। পরে রিপন কলেজে (বর্তমান নাম—সুরেন্দ্রনাথ কলেজ) ভর্তি হন। পড়াশোনা চলাকালীন স্টেনোগ্রাফি ও টাইপিং শেখেন। |

১৯০৬ নদিয়া জেলার (১৩১৩ সালে, শ্রাবণ মাস) ওসমানপুরের চারুবালা সেনগুপ্তের সঙ্গে বিয়ে হয়। চারুবালার বাবা যদুনাথ সেনগুপ্ত ছিলেন রাজবাড়ির উকিল।

১৯০৭ : রিপন কলেজের পড়াশোনা ছেড়ে দেন এবং টাইপিংকেই পেশা হিসেবে বেছে নেন। এবছরই তিনি ইংরেজি কবিতা লিখে রৌপপদক পান (১৩১৪ বঙ্গাব্দ)।

১৯০৮ : সিউড়ির জজকোর্টে জব-টাইপিস্টের জীবিকা গ্রহণ করে কাজের বিনিময়ে পারিশ্রমিক নিতেন।

১৯১১ : *ভারতী* পত্রিকায় প্রথম প্রকাশিত গদ্য রচনা 'মির্জার স্বপ্নদর্শন' (আষাঢ় ১৩৩৮) প্রকাশ। এটি জোসেফ অ্যাডিসন রচিত 'ভিশন অব মির্জা'র অনুবাদ।

১৯১২ : উড়িষ্যার সম্বলপুর একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের অফিসে প্রথম টাইপিস্টের চাকরিতে নিযুক্ত হন। এখানে ছয় বছর চাকরি করেন।

১৯১৮ : পাটনা হাইকোর্টে টাইপিস্টের চাকরি গ্রহণ।

১৯২৪ : *বিজলী* পত্রিকায় 'পেয়িং গেস্ট' (২৯ ফাল্গুন, ১৩৩১ বঙ্গাব্দ) নামে প্রথম ছোটগল্পের প্রকাশ।

১৯২৫ : পাটনা হাইকোর্টের চাকরি ছেড়ে দেন। *গুপ্তের গল্প* নামে পত্রিকা প্রকাশ করেন। যেখানে তার নিজেরই কয়েকটি করে গল্প থাকত। পত্রিকা বন্ধ হয়ে যায়। এরপর তিনি ফাউন্টেন পেনের কালি (জগোজ ইঙ্ক) তৈরি করেন, সেটাও চলেনি। *কল্লোল* পত্রিকায় গল্প প্রকাশ। তিনি এসময় কুষ্টিয়ায় থাকতেন।

১৯২৬ : *কালি-কলম* পত্রিকায় সম্পাদক মুরলীধর বসুকে একটি চিঠি লেখেন কল্লোল যুগের সাহিত্যিকদের গল্পের ধরন সম্পর্কে জানানোর জন্য। চিঠিটি গ্রন্থালয় প্রকাশিত *জগদীশ গুপ্ত রচনাবলী* ১ এ মুদ্রিত।

১৯২৭ : বোলপুরে এসে চৌকি আদালতে টাইপিস্টের কাজ নেন। এবছরই তিনি *কালি-কলম*-এ আটটি ও *কল্লোল*-এ পাঁচটি গল্প লিখেছেন। *বিনোদিনী* নামে

আর্থিক সহযোগিতায়।

১৯২৮ : বোলপুর থেকে তিন চার মাস ছুটি নিয়ে কুষ্টিয়ার বাড়িতে থাকেন। এসময় তিনি *দুলালের দোলা* ও *রোমন্থন* উপন্যাস দুটি রচনা করেন।

১৯২৯ : প্রথম উপন্যাস *অসাধু সিদ্ধার্থ* প্রকাশ। এছাড়া প্রকাশিত হয়েছিল গল্পসংকলন *রূপের বাহিরে* (জ্যৈষ্ঠ ১৩৩৬)।

১৯৩০ : *রোমন্থন* গ্রন্থের প্রকাশ।

১৯৩১ : *লঘু-গুরু* ও *শ্রীমতি* গ্রন্থের প্রকাশ।

১৯৩২ : প্রথম কাব্যগ্রন্থ *অক্ষরা*-র প্রকাশ।

১৯৩৩ : *সুতিনী* উপন্যাস ও গল্পসংকলন *উদয়লেখা* প্রকাশ।

১৯৩৪ : *রতি* ও *বিরতি* উপন্যাস এবং *উপায়ন* গল্পসংকলন প্রকাশ।

১৯৩৫ : *শশাঙ্ক কবিরাজের স্ত্রী* (গল্পসংকলন) প্রকাশ।

১৯৪৪ : কর্মজীবন থেকে অবসর গ্রহণ করে বোলপুর ত্যাগ করে কলকাতার লেক মার্কেটে ক্ষিতিশ গুপ্তের বাড়িতে থাকেন। এসময় থেকেই তাঁর কবিতা লেখার সংখ্যা অনেক বেড়ে যায়।

১৯৪৬ : *প্রবর্তক* পত্রিকায় ধারাবাহিকভাবে তেরটি সংখ্যায় (আষাঢ় ১৩৫৩ থেকে আষাঢ় ১৩৫৪) *চৌধুরাণী* উপন্যাস প্রকাশ।

১৯৪৭ : গল্প সংকলন *মেঘাবৃত অশনি* প্রকাশ।

১৯৫০ : যাদবপুরে নিজের বাড়ি (সি ৩৬, রামগড় কলোনি) তে উঠে আসেন। এসময় সুকুমারী নামে একটি মেয়েকে সন্তান স্নেহে লালন করেন।

১৯৫২ : *নিষেধের পটভূমিকায়* নাটক প্রকাশ।

১৯৫৩ : বসুমতি সাহিত্য মন্দির থেকে *জগদীশ গুপ্তের গ্রন্থাবলী* প্রকাশ।

১৯৫৪ : প্রগতি সংঘ লেখককে সম্মান প্রদান করেন। ভারত সরকার বিশিষ্ট সাহিত্যিকের সম্মান দিয়ে ১৫০ টাকা মাসিক ভাতা বরাদ্দ করেন। পরে তা কমিয়ে ৭৫ টাকা করা হয়।

১৯৫৭ : পড়ে গিয়ে মাথায় আঘাত পান। তাঁর ভাই পরাশর রোডের বাড়িতে রেখে চিকিৎসার ব্যবস্থা করেন, কিন্তু সব চেষ্টা ব্যর্থ হয়। চৈত্র, ১৩৬৩ বঙ্গাব্দে ৬৭ বছর বয়সে জগদীশ গুপ্ত প্রয়াত হন।

## গ্রন্থপঞ্জি

*বিনোদিনী* (গল্প সংকলন) : প্রথম প্রকাশ : পৌষ ১৩৩৪ (১৯২৭ ইং.)। প্রকাশক : শ্রীব্রজজনবল্লভ বসু (কানুবাবু), বোলপুর, বীরভূম। মূল্য : এক টাকা। পৃষ্ঠা সংখ্যা-৮১। গল্প সংখ্যা-নয়টি। উৎসর্গ : মলয়কে লেখা একটি দীর্ঘ কবিতা।

*অসাধু সিদ্ধার্থ* (উপন্যাস) : প্রথম প্রকাশ : ১৯২৯ সাল। প্রকাশক : অভয়হরি শ্রীমাণী, রাখহরি শ্রীমানী এণ্ড সন্স, কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা চার আনা। পৃষ্ঠা সংখ্যা-১৯৩। উৎসর্গ : ছায়াপথ যার আভরণ— ধূমকেতু যার কলঙ্ক— সেই শূন্যকে। 'অসাধু সিদ্ধার্থ' প্রথমে নাটক হিসাবে লেখা হয়।

*মহিষী* (উপন্যাস) : প্রথম প্রকাশ : ১৯২৯। প্রকাশক : কালীকৃষ্ণ চক্রবর্তী, শরৎচন্দ্র চক্রবর্তী এণ্ড সন্স। মূল্য : দেড় টাকা। পৃষ্ঠা সংখ্যা-১১৮।

*রূপের বাহিরে* (গল্প সংকলন) : প্রথম প্রকাশ : আষাঢ় জৈষ্ঠ্য, ১৩৩৭ (১৯৩০)। প্রকাশক : অভয়হরি শ্রীমাণী, রাখহরি শ্রীমানী এণ্ড সন্স, কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা চার আনা। পৃষ্ঠা সংখ্যা-১৭৬। উৎসর্গ : অজাত বংশধরগণকে দিলাম।

*শ্রীমতী* (গল্পগ্রন্থ) : প্রথম প্রকাশ : আষাঢ়, ১৩৩৭ (১৯৩০)। প্রকাশক : শ্রী হেমেন্দ্র বাগচী, বাগচী এণ্ড সন্স, কলকাতা। মূল্য : দেড় টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৮২। গল্প সংখ্যা-সাত।

*রোমন্থন* (উপন্যাস) : প্রথম প্রকাশ : আশ্বিন, ১৩৩৮। প্রকাশক : হরিদাস চ্যাটার্জ্জী, গুরুদাস চ্যাটার্জ্জী এণ্ড সন্স, কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা। পৃষ্ঠা সংখ্যা-৯৭।

*লঘু-গুরু* (উপন্যাস) : প্রথম প্রকাশ : ১৩৩৮ (১৯৩১ ইং.)। প্রকাশক : যতীন্দ্রনাথ নাথ, নাথ ব্রাদার্স, ২০-সি ওয়েলিংটন স্ট্রীট, কলকাতা। মূল্য : দেড় টাকা, পৃষ্ঠা সংখ্যা-১৫৬। উৎসর্গ : সহৃদয় শ্রীযুত ব্রজজনবল্লভ বসু সহৃদবরেষু।

*দুলালের দোলা* (উপন্যাস) : প্রথম প্রকাশ : ১৩৩৮ বঙ্গাব্দ। প্রকাশক : শ্রীহরিদাস চট্টোপাধ্যায়, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৩০। উৎসর্গ : শ্রীচারু গুপ্তা।

*অক্ষরা* (কাব্যগ্রন্থ) : প্রথম প্রকাশ : ১৯৩২। প্রকাশক : চারুদেবী, অন্নদা সাহিত্য ভবন, কলকাতা। মূল্য : দেড় আনা মাত্র। পৃষ্ঠা সংখ্যা-৯৮।

*উদয়লেখা* (গল্প সংকলন) : প্রথম প্রকাশ : চৈত্র, ১৩৩৯ (১৯৩২), প্রকাশক : শ্রী সত্যেন্দ্রকুমার শীল, শ্রী কৃষ্ণ লাইব্রেরী, ৯৭/১এ আপার চিতপুর রোড, কলকাতা। মূল্য : এক টাকা। পৃষ্ঠা সংখ্যা-২০০। গল্প সংখ্যা-দশ।

*সুতিনী* (উপন্যাস) : প্রথম প্রকাশ : ১৩৪০ বঙ্গাব্দ। প্রকাশক : রাধেশ রায়, রসচক্র সাহিত্য সংসদ,

পি/২০৩/৩ বসন্ত রায় রোড, দক্ষিণ কলকাতা। মূল্য : দেড় টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৪৮। উৎসর্গ : 'যে জীর্ণ পত্রটি উড়িয়া গিয়াছে তাহার পশ্চাতে ইহাকে নিক্ষেপ করিলাম'।

| | | |
|---|---|---|
| *তৃষিতা সৃক্কণী* (গল্প সংগ্রহ) | : | প্রথম প্রকাশ : ১৩৪০ বঙ্গাব্দ (১৯৩৩)। প্রকাশক : চারুদেবী, অন্নদা সাহিত্য ভবন কলকাতা, কুষ্টিয়ার 'নিস্বসার প্রেস' থেকে আজিম উদ্দিন বিশ্বাস কর্তৃক মুদ্রিত। মূল্য : এক টাকা পাঁচ আনা। পৃষ্ঠা সংখ্যা-৯৮। গল্প সংখ্যা-তিন। |
| *তাতল সৈকতে* (উপন্যাস) | : | প্রথম প্রকাশ : ১০ শ্রাবণ, ১৩৪০ (১৯৩৩)। প্রকাশক : জে. কে. দাস বি. কম, বি. এন লাইব্রেরী, ৮৩ নিউ পার্ক স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা চার আনা। পৃষ্ঠা সংখ্যা-১৩৯। উৎসর্গ : 'শ্রীমান ক্ষিতীশচন্দ্র গুপ্ত কল্যাণীয়েষু'। |
| *যথাক্রমে* (উপন্যাস) | : | প্রথম প্রকাশ : ১৯৩৩। প্রকাশক : বরেন্দ্র লাইব্রেরী। মূল্য : দুই টাকা। পৃষ্ঠা সংখ্যা-২৩৭। |
| *কশ্যপ ও সুরভী* (কাব্যগ্রন্থ) | : | প্রকাশকাল পাওয়া যায়নি। প্রকাশক : চারুদেবী, অন্নদা সাহিত্যভবন, কলকাতা। মূল্য : এক টাকা পাঁচ আনা। পৃষ্ঠা সংখ্যা-৯৮, বারোটি দীর্ঘ কবিতার সংকলন। কবিতাগুলি অচ্যুতানন্দ নামে একজন ব্যক্তিকে নিয়ে লেখা। |
| *রতি ও বিরতি* (গল্প ও উপন্যাস) | : | প্রথম প্রকাশ : ভাদ্র ১৩৪১ (১৯৩৪)। প্রকাশক : শ্রী রাধেশ রায়, রসচক্র সাহিত্য সংসদ, ১৫নং বসন্ত রায় রোড, দক্ষিণ কলকাতা। মূল্য : এক টাকা চার আনা। পৃষ্ঠা সংখ্যা-১৩০। উৎসর্গপত্র : শ্রীযুক্ত সৌরেশচন্দ্র চৌধুরী, সুরসিকেষু। |

| | | |
|---|---|---|
| *উপায়ন* (গল্প সংগ্রহ) | : | প্রথম প্রকাশ : ১৩৪১ বঙ্গাব্দ (১৯৩৪)। প্রকাশক : শ্রী যতীন্দ্রনাথ নাথ, নাথ ব্রাদার্স, কলকাতা। মূল্য : দেড় টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৬৮। গল্প সংখ্যা-পাঁচটি। উৎসর্গ : গোপাল— জন্ম ২৫ শে পৌষ, ৩৯; মৃত্যু ৪ঠা বৈশাখ, ৪১। |
| *গতিহারা জাহ্নবী* (উপন্যাস) | : | প্রথম প্রকাশ : অগ্রহায়ণ ১৩৪২। প্রকাশক : শ্রী বরেন্দ্রনাথ ঘোষ, ২০৪ কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : দুই টাকা। পৃষ্ঠা সংখ্যা-১০৫। |
| *দয়ানন্দ মল্লিক ও মল্লিকা* (উপন্যাস) | : | প্রথম প্রকাশ : ১৯৩৯। প্রকাশক : শিশির পাবলিশিং হাউস। মূল্য : এক টাকা চার আনা। পৃষ্ঠা সংখ্যা-২৭৩। |
| *পাইক শ্রীমিহির প্রামাণিক* (গল্প সংকলন) | : | প্রকাশক : শ্রী গোবিন্দ গোপাল ভট্টাচার্য, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, কর্নওয়ালিশ স্ট্রীট, কলকাতা। মূল্য : দেড় টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৬৫। |
| *শশাঙ্ক কবিরাজের স্ত্রী* (গল্প সংকলন) | : | প্রথম প্রকাশ : বৈশাখ, ১৩৪২। প্রকাশক : পাঁচুগোপাল দাস, কমলা পাবলিশিং হাউস, ২৭৩ কলেজ স্ট্রীট, কলকাতা। মূল্য : এক টাকা। পৃষ্ঠা সংখ্যা-১১২। উৎসর্গ : 'উৎপৎস্যতে জগতে কোহপি সমানধর্ম্মা।/ কালোহ্যয়ং নিরবধি বিপুলা চ পৃথ্বী'। (ভবভূতি) |
| *মেঘাবৃত অশনি* (গল্প সংকলন) | : | প্রথম সংস্করণ : পৌষ ১৩৫৪। প্রকাশক : জেনারেল প্রিন্টার্স এণ্ড পাবলিশার্স লিমিটেড, ১১৯ ধর্মতলা স্ট্রীট, কলকাতা। মূল্য : আড়াই টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৫৩। গল্প সংখ্যা-নয়টি। |
| *নিষেধের পটভূমিকায়* (নাটক) | : | প্রথম প্রকাশ : আষাঢ় ১৩৫৯ (১৯৫২)। প্রকাশক : শ্রীসত্যচরণ দাস, কমলা পাবলিশিং হাউস, কলকাতা। মূল্য : দুই |

টাকা। পৃষ্ঠা সংখ্যা-১৫২। উৎসর্গ-শ্রীমান শৈলেন্দ্রনাথ সেন কল্যাণীয়েষু।

*জগদীশ গুপ্তের গ্রন্থাবলী* : প্রথম সংস্করণ : শ্রাবণ, ১৩৬০। প্রকাশক : শ্রীশশিভূষণ দত্ত, বসুমতি সাহিত্য মন্দির, কলকাতা। মূল্য : তিন টাকা। পৃষ্ঠা সংখ্যা-৪৪৮।

*জগদীশ গুপ্তের স্বনির্বাচিত গল্প* : প্রথম প্রকাশ : ৭ ভাদ্র ১৩৬৬। প্রকাশক : শ্রী জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিমিটেড, ৯৩, মহাত্মা গান্ধী রোড, কলকাতা। মূল্য : চার টাকা। পৃষ্ঠা সংখ্যা-২১০। গল্প সংখ্যা-১৪ টি।

*কলঙ্কিত তীর্থ* (উপন্যাস ও একটি গল্পের সংকলন) : প্রথম প্রকাশ : জ্যৈষ্ঠ ১৩৬৭। প্রকাশক : ব্রজকিশোর মণ্ডল, বিশ্ববাণী, ১১/এ বারাণসী ঘোষ স্ট্রীট, কলকাতা। মূল্য : দুই টাকা, পঞ্চাশ নয়া পয়সা। পৃষ্ঠা সংখ্যা-৯৩।

*জগদীশ গুপ্ত রচনাবলী* (প্রথম খণ্ড) : নিরঞ্জন চক্রবর্তী (সম্পাদক), প্রথম প্রকাশ : ১লা বৈশাখ ১৩৮৫, (১৯৭৮) প্রকাশক: আনন্দরূপ চক্রবর্তী, গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, ১১-এ বঙ্কিম চ্যাটার্জী ষ্ট্রীট, কলকাতা। মুদ্রক : দুলাল চন্দ্র ভূঞয়া। প্রচ্ছদ শিল্পী : আনন্দরূপ চক্রবর্তী। মূল্য : পঁচিশ টাকা। পৃষ্ঠা সংখ্যা-৬৫৫।

*জগদীশ গুপ্ত রচনাবলী* (দ্বিতীয় খণ্ড) : নিরঞ্জন চক্রবর্তী (সম্পাদক), প্রথম প্রকাশ : ৩১ শ্রাবণ ১৩৯১। প্রকাশক : গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা। মূল্য : ত্রিশ টাকা। পৃষ্ঠা সংখ্যা-৫১৯।

*জগদীশ গুপ্তের গল্প* : প্রথম প্রকাশ : আগস্ট ১৯৭৭, সুবীর রায়চৌধুরী (সম্পাদক)। প্রকাশক :

| | | |
|---|---|---|
| | | অয়ন, কলকাতা, পৃষ্ঠা সংখ্যা-১৯৮। |
| *জগদীশ গুপ্তের সমগ্র গল্প* | : | প্রথম প্রকাশ : এপ্রিল ১৯৯০। সরোজমোহন মিত্র ও নিরঞ্জন চক্রবর্তী (সম্পাদনা)। |
| *জগদীশ গুপ্তর গল্পসমগ্র* (প্রথম খণ্ড) | : | প্রথম প্রকাশ : ১লা বৈশাখ ১৩৯৭, প্রকাশক : গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা। পৃষ্ঠা সংখ্যা-৩৯৩। |
| *জগদীশ গুপ্তর গল্পসমগ্র* (দ্বিতীয় খণ্ড) | : | প্রথম প্রকাশ : ১৭ মাঘ, ১৪০২ বঙ্গাব্দ। প্রকাশয় : গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা। পৃষ্ঠা সংখ্যা-৩৪১। |
| *জগদীশ গুপ্তর গল্প* | : | প্রথম প্রকাশ : আগস্ট ১৯৭৭। প্রকাশক : দে'জ সংস্করণ। জানুয়ারী ১৯৯১, পুনমুদ্রণ। সেপ্টেম্বর ২০০৪, সুবীর রায়চৌধুরী (সম্পাদক)। প্রচ্ছদশিল্পী : অজয় গুপ্ত। মূল্য : ১০০ টাকা। পৃষ্ঠা সংখ্যা-২৫৬। |

ঋণস্বীকার

১. হীরেন চট্টোপাধ্যায়, *জগদীশ গুপ্ত* (ভারতীয় সাহিত্যকার পুস্তকমালা), সাহিত্য অকাদেমি, প্রথম প্রকাশ ২০০০।

২. প্রবীরকুমার চট্টোপাধ্যায়, *জগদীশ গুপ্তের কথাসাহিত্য: ফ্রয়েডিয় মনোবিশ্লেষণের আলোকে*, ভাষাবন্ধন প্রকাশনী, প্রথম প্রকাশ আগস্ট ১৯৯২।

৩. *জলার্ক*, (জগদীশ গুপ্ত সংখ্যা) ষষ্ঠ-সপ্তম-অষ্টম সংকলন, শ্রাবণ ১৩৮৮-চৈত্র ১৩৮৮।

সমরেশ মজুমদার (সম্পাদনা), *জগদীশ গুপ্ত : জীবন ও সাহিত্য*, পুস্তক বিপণি, প্রথম প্রকাশ আষাঢ় ১৪০০, জুলাই ১৯৯৩।